রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতি ঃ

সার্কুলার নং ঃ প্রকা/উন্নয়ন/১০
তারিখ ঃ ১৫-০৬-২০১১

বিষয় ঃ- রূপালী মাসিক মুনাফা স্কীম-'রূপসী' (RMPS) নামীয় নতুন স্কীম চালুকরণ প্রসঙ্গে।

চাকুরীজীবিদের অবসরকালীন সুবিধাদি, প্রবাসীদের এককালীন প্রেরিত অর্থ তথা সর্বস্তরের জনসাধারণের জমানো অর্থ খরচ না করে উক্ত অর্থ হতে মাসিক ভিত্তিতে প্রাপ্য মুনাফা দিয়ে শিক্ষার্থী সন্তানের লেখাপড়া, পরিবারের সদস্যদের চিকিৎসা, আনুষঙ্গিক খরচসহ সংসারের আংশিক খরচ মেটানোর উদ্দেশ্যে এবং রূপালী ব্যাংকের আমানতের ভিত্তিকে সুদৃঢ়করণের নিমিত্তে "রূপালী মাসিক মুনাফা স্কীম-'রূপসী' **(RMPS)**" নামীয় স্কীম চালু করার প্রস্তাব পরিচালনা পর্ষদের ২৬-০৫-২০১১ ইং তারিখে অনুষ্ঠিত ৮৫৯ তম সভায় অনুমোদন লাভ এবং পর্ষদের ০৮-০৬-২০১১ ইং তারিখের ৮৬০ তম সভায় তা নিশ্চিত করা হয়।

নিম্নে "রূপালী মাসিক মুনাফা স্কীম-**'রূপসী' (RMPS)**" হিসাবের পরিচালন পদ্ধতি উল্লেখ করা হলোঃ

১।	স্কীমের নাম	ঃ	**রূপালী মাসিক মুনাফা স্কীম-' রূপসী '(RMPS)**
২।	স্কীমের মেয়াদকাল	ঃ	৫ (পাঁচ) বছর
৩।	এককালীন আমানতের পরিমাণ	ঃ	টাকা = ১,০০,০০০/-(এক লক্ষ) বা এর গুণিতক
৪।	মুনাফার হার	ঃ	বার্ষিক ১২.০০%

৫। মুনাফা প্রদান ঃ

ক) মাসিক ভিত্তিতে মুনাফা হিসাবধারীর শাখায় রক্ষিত সঞ্চয়ী/চলতি হিসাবে প্রদান করা হবে।

খ) হিসাবধারীর ঐ শাখায় সঞ্চয়ী/চলতি হিসাব না থাকলে নতুন করে সঞ্চয়ী/চলতি হিসাব খুলতে হবে।

গ) প্রতি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকায় মাসিক মুনাফার পরিমাণ হবে টাকা=১০০০/-।

ঘ) সরকারী নিয়মানুযায়ী ব্যাংক কর্তৃক প্রদেয় সুদ/মুনাফার উপর উৎসে কর ও অন্যান্য কর/পাওনা কর্তন প্রযোজ্য হবে।

৬। হিসাব খোলা ঃ

ক) ব্যাংকের নির্ধারিত অভিন্ন হিসাব খোলার ফর্মে (Uniform Account Opening Form) এ স্কীমের আওতায় হিসাব খোলার আবেদন করতে হবে।

খ) আঠার বছর বা তদুর্দ্ধ বয়স্ক এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক রূপালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখায় এক/ একাধিক হিসাব খুলতে পারবেন। নাবালক/নাবালিকার সঙ্গে কিংবা যৌথভাবে এ হিসাব খোলা যাবে।

গ) গঠনতন্ত্র (Bye-Law), সংঘ স্মারক (Articles of Association) এবং কমিটির সিদ্ধান্ত ক্রমে শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব, সমিতির নামেও এ হিসাব খোলা যাবে।

ঘ) এ স্কীমের আওতায় সকল নিয়মাবলী পরিপালন/মেনে চলবেন মর্মে আমানতকারীকে হিসাব খোলার ফর্মের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পূর্বক সম্মতি প্রদান করতে হবে।

৭। নমিনেশন ঃ

ক) আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে তার হিসাবের নমিনী নিযুক্ত করতে পারবেন। একাধিক নমিনী হলে নমিনীর অংশ নির্দিষ্ট করে অংকে এবং কথায় লিখতে হবে এবং নমিনীর পাসপোর্ট সাইজের ছবির পিছনে নাম লিখে আমানতকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

খ) আমানতকারীর জীবদ্দশায় নমিনীর মৃত্যু হলে কিংবা হিসাবধারী যে কোন সময় লিখিত আবেদনের মাধ্যমে নতুন করে নমিনী মনোনয়ন/ পরিবর্তন করতে পারবেন।

গ) আমানতকারীর মৃত্যুর পর নমিনী/নমিনীগণ হিসাবের অর্থ অংশ অনুযায়ী প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে প্রচলিত নিয়মানুযায়ী ব্যাংকের অর্পিত ক্ষমতা তফশীল অনুসরণ পূর্বক বিষয়টি যথাযথ পর্যায়ে নিস্পত্তিযোগ্য হবে।

ঘ) নমিনী বিহীন অবস্থায় আমানতকারীর মৃত্যু হলে প্রচলিত নিয়মানুযায়ী হিসাবের অর্থ উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণের মধ্যে বন্টন করা হবে।

৮। ঋণ সুবিধা ঃ

ক) হিসাবধারী হিসাবের আমানত লিয়েন রেখে মূল অংকের সর্বোচ্চ ৮০% ঋণ গ্রহণ করতে পারবেন।

খ) ঋণের উপর বার্ষিক সুদ হবে ব্যাংক কর্তৃক প্রদত্ত সুদের চেয়ে ৩% বেশী অর্থাৎ উক্ত আমানতের বিপরীতে ঋণের উপর সুদের হার হবে ১৫%।

চলমান পাতা-২

গ) ঋণের স্থিতি কোন ক্রমেই আমানতের ৯০% এর অতিরিক্ত হতে পারবে না। উক্ত সীমা অতিক্রমের প্রাক্কালে আমানতের উপর প্রদেয় মাসিক সুদ হিসাবধারীর সঞ্চয়ী/চলতি হিসাবে জমা না করে হিসাবধারীর ঋণ হিসাবে জমা করতে হবে।

ঘ) যথাযথ নিয়ম পরিপালন সাপেক্ষে এ ঋণ মঞ্জুরের ক্ষমতা শাখা ব্যবস্থাপকের আওতাধীন ।

৯। নবায়ন ঃ

ক) হিসাবধারী আবেদন করে মেয়াদান্তে পরবর্তী একই মেয়াদের জন্য উক্ত আমানত নবায়ন করতে পারবেন।

খ) যদি হিসাবধারী মেয়াদ পুর্তিতে শাখায় যোগাযোগ না করেন তবে মেয়াদান্তে স্বয়ংক্রিয়ভাবে আমানতটি পরবর্তী একই মেয়াদের জন্য নবায়নযোগ্য হিসাবে গণ্য হবে।(স্কীম চালু থাকা সাপেক্ষে)

১০। মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করণ/নগদায়ন ঃ

ক) হিসাবধারী লিখিত আবেদনের মাধ্যমে এ মেয়াদী আমানত হিসাব বন্ধ/নগদায়ন করতে পারবেন।

খ) হিসাব খোলার ৬ (ছয়) মাসের মধ্যে নগদায়ন/বন্ধ করা হলে হিসাবধারী কেবলমাত্র জমাকৃত মূল অর্থ হতে মাসিক ভিত্তিতে উত্তোলনকৃত অর্থ বাদ দিয়ে অবশিষ্ট টাকা ফেরৎ পাবেন।

গ) হিসাব খোলার ৬ (ছয়) মাসের পর কিন্তু ১ বছরের কম হলে সে সময়ে প্রচলিত সঞ্চয়ী আমানতের সুদের হারে অর্থ ফেরৎযোগ্য হবে । ১ বছরের অধিক কিন্তু ২ বছরের কম হলে ৯% সরল সুদে এবং ২ বছরের অধিক হলে ১০% সরল সুদ প্রযোজ্য হবে। এক্ষেত্রে ইতোপূর্বে প্রদানকৃত অর্থ কর্তন পূর্বক অবশিষ্ট টাকা হিসাবধারী প্রাপ্য হবেন।

ঘ) মেয়াদ পূর্তির পূর্বে হিসাবধারী মৃত্যুবরণ করলে যে তারিখে হিসাবধারী মৃত্যুবরণ করেছেন সে তারিখেই হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ বলে গণ্য হবে । হিসাবধারীর নমিনী ১০ নং অনুচ্ছেদের ‘গ’ ক্রমিকে উল্লেখিত হারে হিসাবের টাকা প্রাপ্য হবেন। নমিনী নাবালক হলে নমিনীর অভিভাবক হিসাবের টাকা প্রাপ্য হবেন।

ঙ) মেয়াদ পূর্তির পূর্বে আমানতের বিপরীতে ঋণ রেখে যদি হিসাবধারী মৃত্যুবরণ করেন, সে ক্ষেত্রে মৃত্যুর পূর্ব মাস পর্যন্ত আমানতের হার (অর্থাৎ ১২%) অনুযায়ীই হিসাবের উপর লভ্যাংশ প্রদেয় হবে এবং ঋণের ক্ষেত্রে পরিশোধের পূর্বের দিন পর্যন্ত নির্ধারিত হারে সুদ আরোপ পূর্বক ঋণ সমন্বয় করে অবশিষ্ট টাকা নমিনী/ অভিভাবককে প্রদান করতে হবে।

চ) যদি হিসাবধারী এবং নমিনী উভয়েই হিসাব পূর্তির পূর্বে মৃত্যুবরণ করেন সেক্ষেত্রে নমিনীর উত্তরাধিকারী/ উত্তরাধিকারীগণ অংশ মোতাবেক হিসাবধারীর ঋণ বকেয়া থাকলে ১০ নং অনুচ্ছেদের ‘ঙ’ ক্রমিক অনুযায়ী এবং ঋণ না থাকলে ১০ নং অনুচ্ছেদের ‘গ’ ক্রমিক অনুযায়ী হিসাবের টাকা প্রাপ্য হবেন ।

১১। অন্যান্য ঃ

ক) মাসের যে কোন কর্ম দিবসে এ হিসাব খোলা যাবে ।

খ) আমানতকারীর টাকা জমাদানের তারিখ হতে ১ (এক) মাস হিসাব করে মাসিক মুনাফার টাকা সংশ্লিষ্ট সঞ্চয়ী/চলতি হিসাবে প্রদেয় হবে।

গ) ৫ বৎসর পূর্ণ মেয়াদান্তে অর্থাৎ হিসাবটি যে তারিখে খোলা হবে মেয়াদান্তে সে তারিখের পরবর্তী কর্ম দিবসে হিসাবধারীর আবেদনের প্রেক্ষিতে হিসাবের টাকা (সরকারী ট্যাক্স কর্তন পূর্বক যদি থাকে) প্রদানযোগ্য হবে ।

ঘ) সরকারী নিয়মানুযায়ী হিসাবের সুদের উপর প্রদেয় নির্ধারিত হারে উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন প্রযোজ্য হবে। তবে প্রতি মাসের মুনাফা সংশ্লিষ্ট চলতি/সঞ্চয়ী হিসাবে স্থানান্তর জনিত কারণে ব্যাংক কর্তৃক কোন চার্জ বা অন্য কোন সার্ভিস চার্জ প্রযোজ্য হবে না।

ঙ) শাখা সমূহ আপাততঃ প্রচলিত মেয়াদী আমানত হিসাব খোলার ফরম ও মেয়াদী আমানতের রশিদ ব্যবহার করবেন। জমা রশিদের উপর **রূপালী মাসিক মুনাফা স্কীম -‘রূপসী’(RMPS)** স্কীমের শিরোনামযুক্ত সীল ব্যবহার করতে হবে ।

চ) এ হিসাব পরিচালনার জন্য পৃথক হিসাব খোলার রেজিষ্টার এবং পৃথক লেজার ও ডে-বুক ব্যবহার করতে হবে।

ছ) চেক লেজার, ক্লীন ক্যাশ, এ্যাফেয়ার্স ও জেনারেল লেজারে (RMPS) Code No-L0120 এবং সুদ প্রদানের জন্য সাপ্লিমেন্টারী লেজারে Interest Payable on RMPS, Code No-L1951 এবং খরচ হিসাব Interest Paid on RMPS, Code No-E0020 খুলতে হবে। সুদের মাসিক প্রভিশন যথাযথভাবে করতে হবে।

জ) এই স্কীমের আওতায় অনতিবিলম্বে হিসাব খোলার কার্যক্রম আরম্ভ হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত এ স্কীম চালু থাকবে ।

ঝ) প্রচারণার নিমিত্তে শাখাসমূহ কর্তৃক উপযুক্ত স্থানে ব্যানার/ফেস্টুন স্থাপন এবং প্রচারপত্রের মাধ্যমে উক্ত আমানত স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনসাধারনকে আকৃষ্ট এবং উদ্বুদ্ধ করার যথাযথ ব্যবস্থা গ্রহন করতে হবে।

ঞ) বর্ণিত স্কীমের সুদের হার পরিবর্তন সহ ভবিষ্যতে এতদ্সংক্রান্ত যে কোন শর্ত/নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন ব্যাংকের সম্পূর্ণ এখতিয়ারভূক্ত থাকবে।

ট) এই স্কীমের বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক (উন্নয়ন)

নিয়মাবলী মেনে চলার বিষয়ে অঙ্গীকারনামা ঃ

রূপালী ব্যাংক লিমিটেড এর “ রূপালী মাসিক মুনাফা স্কীম”-‘রূপসী’(RMPS) পরিচালনার নিয়মাবলী সম্পর্কে অবগত হয়ে আমি অঙ্গীকার করছি যে, আমি উক্ত স্কীমের নিয়মাবলী মেনে চলব এবং মেয়াদান্তে বা মেয়াদের পূর্বে হিসাব বন্ধের ক্ষেত্রে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যে সিদ্ধান্ত প্রদান করা হবে তাতে আমার কোন আপত্তি থাকবে না ।

হিসাবধারীর স্বাক্ষর -------------------------------------

হিসাবধারীর নাম ---------------------------------------

রূপালী মাসিক মুনাফা স্কীম-‘রূপসী’(RMPS) হিসাব নম্বর ----

তারিখ --

স্বাক্ষর ও সীল

শাখা প্রধান/অনুমোদিত কর্মকর্তা

নিয়মাবলী মেনে চলার বিষয়ে অঙ্গীকারনামা ঃ

রূপালী ব্যাংক লিমিটেড এর “ রূপালী মাসিক মুনাফা স্কীম”-‘রূপসী’(RMPS) পরিচালনার নিয়মাবলী সম্পর্কে অবগত হয়ে আমি অঙ্গীকার করছি যে, আমি উক্ত স্কীমের নিয়মাবলী মেনে চলব এবং মেয়াদান্তে বা মেয়াদের পূর্বে হিসাব বন্ধের ক্ষেত্রে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যে সিদ্ধান্ত প্রদান করা হবে তাতে আমার কোন আপত্তি থাকবে না ।

হিসাবধারীর স্বাক্ষর -------------------------------------

হিসাবধারীর নাম ---------------------------------------

রূপালী মাসিক মুনাফা স্কীম-‘রূপসী’(RMPS) হিসাব নম্বর ----

তারিখ --

স্বাক্ষর ও সীল

শাখা প্রধান/অনুমোদিত কর্মকর্তা